# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

**ফরেন রেমিট্যান্স ম্যানেজমেন্ট বিভাগ**

Tel : 9558109, 9565848
Web : www.krishibank.org.bd
E-mail: dgmfrmd@krishibank.org.bd
agmfrmd@krishibank.org.bd


সূত্র ঃ প্রকা/এফআরএমডি/০১(৩১)/২০২০-২০২১/217 তারিখ ঃ ১০.০৮.২০২০

ব্যবস্থাপক
বরকল/বিলাইছড়ি শাখা
বাংলাদেশ কৃষি ব্যাংক
রাঙ্গামাটি।

**বিষয় ঃ জুলাই/২০২০ এ রেমিট্যান্স গ্রাহকদেরকে বৈদেশিক রেমিট্যান্স সেবা প্রদান না করার বিষয়ে ব্যাখ্যা তলব প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। বাংলাদেশ ব্যাংকের তথ্য মতে অর্থ বছরের প্রথম মাস জুলাইয়ে প্রবাসীরা ২৫৯৯.৫৬ মিলিয়ন মার্কিন ডলারে রেমিট্যান্স পাঠিয়েছেন। এক মাসে বাংলাদেশের ইতিহাসে এর আগে কখনও এত পরিমান রেমিট্যান্স আসেনি। অনুরুপভাবে, বিকেবিও অতীতের সকল রের্কড ভেঙ্গে জুলাই/২০২০ এ সবচেয়ে বেশি ৪৫.৭০ মিলিয়ন মার্কিন ডলারে রেমিট্যান্স আহরণ করেছে।

০৩। জুলাই-২০২০ মাসের বৈদেশিক রেমিট্যান্স প্রতিবেদন বিশ্লেষণ করে দেখা যায় আপনার শাখার মাধ্যমে গ্রাহকদেরকে একটি টাকাও বৈদেশিক রেমিট্যান্স প্রদান করা হয়নি। উল্লেখ্য, ঈদুল আযহা উপলক্ষ্যে বিকেবি'র প্রায় সকল শাখা গ্রাহকগণকে রেমিট্যান্স সেবা প্রদানে সক্ষম হলেও আপনার শাখার মাধ্যমে একটিও রেমিট্যান্স আহরিত হয়নি। আপনার ব্যর্থতার কারণে ব্যাংক বৈদেশিক রেমিট্যান্স আহরণের লক্ষ্যমাত্রা অর্জনের ব্যর্থ, আর্থিক ক্ষতির সম্মুখীন এবং বৈদেশিক মুদ্রার তারল্য অর্জনে ব্যর্থ হয়েছে। আপনার এহেন কার্যক্রম অর্পিত দায়িত্বের প্রতি অবহেলা, কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করার সামিল। বৈদেশিক রেমিট্যান্স আহরণে কেন আপনি ব্যর্থ হয়েছেন তার ব্যাখ্যা অত্র পত্র প্রাপ্তির ০৩ (তিন) টি কার্য দিবসের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করার জন্য নির্দেশ দেয়া হলো। একই সাথে আগস্ট-২০২০ সহ চলতি ২০২০-২০২১ অর্থবছরে আপনার শাখার জন্য নির্ধারিত বৈদেশিক রেমিট্যান্স আহরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন করার জন্য আপনাকে বিশেষ নির্দেশ প্রদান করা হলো।

০৪। নির্ধারিত সময়ের মধ্যে তলবকৃত ব্যাখ্যার জবাব প্রদানে ব্যর্থ হলে আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করার জন্য ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের নিকট সুপারিশ করা হবে।

অনুমোদনক্রমে,

১০/৮/২০
(মাহমুদা বেগম)
উপ-মহাব্যবস্থাপক

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (ই-মেইলে) প্রেরণ করা হলো ঃ

০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক ।
০৩। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।(অত্র পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো)
০৪।সকল মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়। **তাঁদেরকে অঞ্চলাধীন শাখাসমুহের রেমিট্যান্স ২০২০-২০২১ অর্থ বছরের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জনের হার নিয়মিত মনিটরিং এবং রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিকরণে যথাযথ পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।**
০৫। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
০৬। অফিস নথি।

F:\Jashim, 2% Incentive,Target and Acheived\Target 2020-2021(3500)\0 payment show cause.docx